

তাগিদপত্র
জরুরী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.০৪৫.০২৭.০৮.১১২.১১২.২০১৬- ৩২৫২

তারিখঃ ০৮/১১/২০১৭খ্রি.

বিষয়ঃ রীট মামলাজনিত কারণে উপজেলা পরিষদ নির্বাচন অনুষ্ঠান না হওয়ার বিষয়ে গত ১৫/১০/২০১৭ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত /নির্দেশনা বাস্তবায়ন।

সূত্রঃ (১) এ বিভাগের স্মারক নং-১০১০, তারিখ-২৩/১০/২০১৭খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং- ২৯৩০/২০১৪ ও ২১৬৬/২০১৪ এর বিষয়ে সংশ্লিষ্ট কাগজাদিসহ সর্বশেষ অবস্থা জেলা প্রশাসকের মাধ্যমে ৩ কার্য দিবসের মধ্যে এ বিভাগকে অবহিতকরণের জন্য সূত্রোক্ত ১নং স্মারকে অনুরোধ করা হয়েছিল। অদ্যাবধি যাচিত তথ্যাদি পাওয়া যায়নি। ফলে এ বিষয়ে পরবর্তী আইনগত পদক্ষেপ গ্রহণ করা যাচ্ছে না।

এমতাবস্থায়, মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং- ২৯৩০/২০১৪ ও ২১৬৬/২০১৪ এর বিষয়ে সংশ্লিষ্ট কাগজাদিসহ সর্বশেষ অবস্থা জেলা প্রশাসকের মাধ্যমে জরুরীভিত্তিতে বিশেষ বাহক মারফত এ বিভাগকে অবহিতকরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

(মোহাম্মদ জহিরুল ইসলাম)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৭৭২৩০

e-mail: lgd.upazila2@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার
নোয়াখালী সদর, নোয়াখালী।

অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, নোয়াখালী।
২. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৩. সিনিয়র সহকারী সচিব, আইন-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ।
৪. চেয়ারম্যান, নোয়াখালী সদর উপজেলা পরিষদ, নোয়াখালী।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)।